

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
পরিবেশ শাখা,
৭২ গ্রীন রোড, ঢাকা
www.dbhwd.gov.bd

তারিখ: ১৭ বৈশাখ ১৪৩৩
৩০ এপ্রিল ২০২৬

নম্বর: ৪২.০৪.০০০০.০০০.০০৪.১৬.০০০৬.২৫.৮

অফিস আদেশ

মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি/Governance Performance Monitoring System (GPMS)- প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়নের নিমিত্ত বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের Governance Performance Monitoring System (GPMS) টিম নিম্নোক্তভাবে গঠন করা হলো।

ক্রমিক	কর্মকর্তার পদবী	GPMS টিমে পদবী
1.	পরিচালক (পরিকল্পনা, আইসিটি)	টিম লিডার
2.	পরিচালক (কৃষি, পানি ও পরিবেশ)	সদস্য (বিকল্প টিম লিডার)
3.	উপপরিচালক (প্রশাসন ও অর্থ)	সদস্য
4.	সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী	সদস্য
5.	উপপরিচালক, সুনামগঞ্জ, আঞ্চলিক কার্যালয়	সদস্য
6.	উপপরিচালক (কৃষি, পানি ও পরিবেশ)	সদস্য (বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা)
7.	উপপরিচালক (পরিকল্পনা, পরিবীক্ষণ)	ফোকাল পয়েন্ট কর্মকর্তা

কার্যপরিধি:

- (ক) (GPMS) এর ৩ বছর মেয়াদি খসড়া পরিকল্পনা প্রণয়ন, বিবেচ্য অর্থ বছরের খসড়া কর্মসম্পাদন পরিকল্পনা প্রণয়ন ও (GPMS) সফটওয়্যারে দাখিল;
- (খ) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণপূর্বক চূড়ান্ত পরিকল্পনা, বিবেচ্য অর্থ বছরের চূড়ান্ত কর্মসম্পাদন পরিকল্পনা ও কৌশলগত প্রতিবেদন (Strategic Report) প্রণয়ন এবং GPMS সফটওয়্যারে দাখিল;
- (গ) প্রতি দুই মাসে একবার GPMS এর অগ্রগতি পর্যালোচনা;
- (ঘ) সেকশন-২ (বিবেচ্য অর্থ বছরের কর্মসম্পাদন পরিকল্পনা) এর প্রতি ত্রৈমাসিকের কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত এবং GPMS আপলোড;
- (ঙ) GPMS সংক্রান্ত প্রশিক্ষণ কর্মশালা আয়োজন;
- (চ) GPMS ক্যালেন্ডার ও নির্দেশিকা অনুযায়ী সংশ্লিষ্ট সকল সম্পাদন;
- (ছ) বার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত, প্রমাণকের যথার্থতা যাচাই ও সংরক্ষণ এবং স্বমূল্যায়ন প্রতিবেদন মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিবের অনুমোদন গ্রহণ করে সফটওয়্যারের মাধ্যমে দাখিল নিশ্চিত করা এবং
- (জ) ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক স্থানীয় পর্যায়ে GPMS সংক্রান্ত দায়িত্ব পালন।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


৩০-০৪-২০২৬
মোহাম্মদ হাবীবুর রহমান
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : ০২-৪৪৮১৯০৭৪
ইমেইল : haorbd@gmail.com

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপসচিব, রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড পলিসি রিসার্চ ইউনিট, পানি সম্পদ মন্ত্রণালয়।
- ২। পরিচালক, পরিকল্পনা ও আইসিটি বিভাগ, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর।
- ৩। পরিচালক, কৃষি, পানি ও পরিবেশ বিভাগ, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর।
- ৪। উপ-পরিচালক, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর।
- ৫। উপ-পরিচালক, কৃষি, পানি ও পরিবেশ অনুবিভাগ, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর।
- ৬। উপ-পরিচালক, সুনামগঞ্জ আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর।
- ৭। উপ-পরিচালক, পরিকল্পনা অনুবিভাগ, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর।
- ৮। সহকারী মেইনটেনেন্স ইঞ্জি., আইসিটি শাখা, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর।



৩০-০৪-২০২৬
মোহাম্মদ হাবীবুর রহমান
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)